

“ মুজিব বর্ষে বিআরডিবি’র অঙ্গীকার  
স্বনির্ভর সমৃদ্ধ পল্লী গড়ার”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
পল্লী প্রগতি কর্মসূচি  
পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা



স্মারক নং : ৪৭.৬২.০০০০.৯৩৬.১৪.৪৬৯.১৮(২).১৪৮৫

তারিখঃ ২০/০২/২০২২ খ্রিঃ


বিষয়ঃ পল্লী প্রগতি কর্মসূচির অবিতরণকৃত এবং দীর্ঘ দিন ধরে অলস অবস্থায় ব্যাংকে পড়ে থাকা ঋণ তহবিল কর্মসূচি সদর  
দপ্তরে প্রেরণ।

সূত্রঃ ১। বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের মহাপরিচালক মহোদয় স্বাক্ষরিত স্মারক নং- ৩৬৫; তারিখঃ ০৩/১২/২০১৩ খ্রিঃ।  
২। পল্লী প্রগতি প্রকল্প পরিচালক স্বাক্ষরিত স্মারক নংঃ ১৯৯ ; তারিখ : ৩১/০৭/২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, উপজেলায় বরাদ্দকৃত ঋণ তহবিল অনেক উপজেলায় ব্যাংক স্থিতি হিসাবে দীর্ঘ দিন যাবৎ অলস অবস্থায় পড়ে আছে আবার ঋণ তহবিলের স্বল্পতার কারণে ব্যাপক চাহিদা থাকা সত্ত্বেও অনেক উপজেলায় নতুনভাবে ঋণ তহবিল বরাদ্দ প্রদান সম্ভবপর হচ্ছে না। জেলার আওতাধীন উপজেলার মধ্যে আন্তঃউপজেলায় এবং বিভিন্ন জেলার মধ্যে ঋণের অর্থ সমন্বয়ের বিষয়ে বিভিন্ন সময়ে নীতিনির্ধারণী কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক সূত্রোক্ত স্মারকসমূহে নির্দেশনা প্রেরণ করা হয়েছে। তদুপরি, উপজেলা হতে প্রাপ্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় আন্তঃ উপজেলা সমন্বয় করার পরও অনেক উপজেলায় এখনো ঋণ তহবিলের অনেক অর্থ দীর্ঘ দিন যাবৎ অবিতরণকৃত ও অলসভাবে ব্যাংকে পড়ে রয়েছে। ঋণ তহবিলের সরকারী কোন অর্থ উপজেলা পর্যায়ে দীর্ঘদিন অবিতরণকৃত অবস্থায় ব্যাংকে রেখে ঋণ কার্যক্রমে ব্যাঘাত সৃষ্টি করা মোটেও বাঞ্ছনীয় নয়। কর্মসূচিভুক্ত দেশের অনেক উপজেলায় খেলাপী ঋণের পরিমাণ শূন্য এবং সেখানে ঋণ তহবিলের ব্যাপক চাহিদা রয়েছে। কর্মসূচির বৃহত্তর স্বার্থে এ সকল উপজেলায় ঋণ তহবিল সরবরাহ করা প্রয়োজন।

এমতাবস্থায়, জেলার অভ্যন্তরে ঋণ তহবিলের আন্তঃ সমন্বয় প্রয়োজন না হলে গ্রামীণ দারিদ্র্যের হার কাস্কিত মাত্রায় নামিয়ে আনার সরকারী লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত অবিতরণকৃত ঋণ তহবিলের অর্থ বাংলাদেশ কৃষি ব্যংক, স্থানীয় মুখ্য কার্যালয়, মতিঝিল, ঢাকা- এর অনুকূলে “পল্লী প্রগতি প্রকল্প (লোন ফান্ড)” শিরোনামে চেক/পে-অর্ডার প্রস্তুতপূর্বক কর্মসূচি পরিচালক বরাবরে দ্রুত প্রেরণের জন্য সূত্রস্থ স্মারকে প্রেরিত নির্দেশনার অনুবৃত্তিক্রমে জেলার উপপরিচালকগণকে পুনরায় অনুরোধ করা হলো।

বিষয়টি জরুরী।

  
20/02/2022  
মোঃ আলাউদ্দিন সরকার  
কর্মসূচি পরিচালক

উপপরিচালক (সকল)  
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
..... (জেলা)।

বিতরণঃ

- ১। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। প্রোগ্রামার, পল্লী প্রগতি কর্মসূচি, বিআরডিবি (পত্রটি কর্মসূচির ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৩। অফিস কপি।